দৈনিক খবর

তারিখ 13 FEB 1998
পৃষ্ঠা ১ কলাম ৪

69

# খাতা জালিয়াতি ঃ ৬ জন এখন কারাগারে

।। জেলা প্রতিনিধি ।।

কুমিল্লা, ১২ই ফেব্রুয়ারী, (জেলা প্রতিনিধি)।– ডিগ্রী পরীক্ষার খাতা জালিয়াতির ঘটনায় ৬ জন আসামী এখন জেলহাজতে। গতকাল রোববার অধ্যাপক রাহান উদ্দিন ও অধ্যাপক আব্দুল বাশার খান সদর উপজেলা ম্যাজিস্ট্রেট শাহিন আহমদ চৌধুরীর কাছে ১৬৪ ধারামতে স্বীকারউক্তিমূলক

শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

## খাতা জালিয়াতি

প্রথম পৃষ্ঠার পর

জবানবন্দী দিয়েছেন। এ নিয়ে পাঁচ আসামী অনুরূপ জবানবন্দী ছিল।

এদিকে ঘটনার সাথে সংশ্লিষ্ট বলে আটককৃত সমাজ কল্যাণ ৩য় পত্র বিষয়ের ৯০২ টি খাতার এখনো কোন সুরাহা হয়নি। জেলা প্রশাসক. হেদায়েতুল ইসলাম চৌধুরী এ ব্যাপারে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসির সাথে যোগাযোগ করলে ভিসি তাৎক্ষণিকভাবে কোন সিদ্ধান্ত দিতে পারেননি।

অপরদিকে এ ঘটনার সাথে নারীঘটিত কেলেংকারির ব্যাপারে পুলিশ বেশী দূর এগুতে পারেনি। তবে ঘটনার মূল আসামী অধ্যাপক রাহান উদ্দিন যে-সব মহিলাদের নাম উল্লেখ করেছিল বলে জানা যায় তাদের একজন ডাঃ সুফিয়া বেগম (পদ্ম)। তিনি চান্দিনা হেলথ কমপ্লেক্সে চাকরিরত। আজ এ ব্যাপারে তার সাথে যোগাযোগ করা হলে তিনি অধ্যাপক রাহানের ঐ খানে সন্ধ্যার পর যাওয়ার কথা স্বীকার করেন। তবে তিনি জানান যে, তিনি বিএ পরীক্ষার পূর্বে একবার তার ছোট বোন পরীক্ষার্থিনী নাজমার ব্যাপারে সাজেশন নিতে গিয়েছিলেন।